

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৭

আগরতলা, ২৪ মে, ২০২৩

প্রাক্তন মন্ত্রী বিধুভূষণ মালাকারের মৃত্যুতে মুখ্যমন্ত্রীর শোক

রাজ্যের প্রাক্তন মন্ত্রী বিধুভূষণ মালাকারের মৃত্যুতে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা গভীর শোক ব্যক্ত করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য একজন প্রবীণ রাজনীতিবিদকে হারালো। সাতবার তিনি রাজ্য বিধানসভার সদস্য হিসাবে নির্বাচিত হয়েছিলেন। মুখ্যমন্ত্রী প্রয়াত বিধুভূষণ মালাকারের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেছেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।
